যুগান্তর

তারিখ: 27 SEP 2016
পৃষ্ঠা: ২০ কলাম: ৪

অভয়নগরে জলাবদ্ধতা

# দোকান ক্লাবঘরে বসে পরীক্ষা দিচ্ছে শিক্ষার্থীরা

**অভয়নগর (যশোর) প্রতিনিধি**

অভয়নগরের জলাবদ্ধ এলাকার ১৫টি শিক্ষাপ্রতিষ্ঠানসহ সব মাধ্যমিক বিদ্যালয়ে জেএসসির মডেল টেস্ট অনুষ্ঠিত হচ্ছে। স্কুল জলাবদ্ধ থাকায় শিক্ষার্থীরা রাস্তায় দোকানঘরের বারান্দায়, ক্লাবঘরে এবং বাড়ির ছাদের ওপর বসে এ পরীক্ষায় অংশ নিচ্ছে।

সোমবার সরেজমিন উপজেলার ডুমুরতলা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে দেখা যায়, রাস্তার পাশে দোকানঘরের বারান্দায় খাটের ওপর টুল দিয়ে অতিকষ্টে শিক্ষার্থীরা জেএসসির মডেল টেস্ট দিচ্ছে। পরীক্ষা শেষে শিক্ষার্থীরা জানায়, জলাবদ্ধতার কারণে যাতায়াত সমস্যার পাশাপাশি বাড়িতে লেখাপড়ার সমস্যাও রয়েছে। কিন্তু আগামী ১

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৮

## পরীক্ষা দিচ্ছে শিক্ষার্থীরা

(শেষ পৃষ্ঠার পর)

নভেম্বর থেকে জেএসসির ফাইনাল পরীক্ষা শুরু। এ কারণে ভালো ফলের আশায় এ মডেল টেস্টে অংশ নেয়া।

জানা গেল, পরীক্ষার ফি ও খাতা সবকিছুই ফ্রি পাচ্ছে শিক্ষার্থীরা। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিলীপ কুমার বৈরাগী জানান, শিক্ষার্থীদের কথা চিন্তা করে জলাবদ্ধতার মধ্যেই পরীক্ষা নেয়া হচ্ছে। দোকানঘরে পরীক্ষা দিচ্ছে শিক্ষার্থীরা। অভয়নগর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি ফ্রি প্রশ্নপত্র বিতরণ করছে। শিক্ষার্থীদের বিনা মূল্যে পরীক্ষায় লেখার খাতা সরবরাহ করা হয়েছে। উপজেলার সড়াডাঙ্গা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপন কুমার বিশ্বাস বলেন, 'আমরা একটি ক্লাবঘরে মডেল টেস্ট নিচ্ছি।' পার্শ্ববর্তী মনিরামপুর উপজেলার হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিকাশ চন্দ্র বিশ্বাস জানান, রাস্তার ওপর টিনের ছাপরা তৈরি করে সেখানে পরীক্ষা নেয়া হচ্ছে।

অভয়নগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. শহিদুল ইসলাম জানান, জেএসসি ও এসএসসি পরীক্ষার কথা চিন্তা করে জলাবদ্ধ অবস্থার মধ্যেই জেএসসি পরীক্ষার্থীদের মডেল টেস্ট নেয়া হচ্ছে।